গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
আদিতমারী, লালমনিরহাট
www.aditmarilalmonirhat.gov.bd

| | | |
|---|---|---|
| সভাপতি | : | বিধান কান্তি হালদার<br>উপজেলা নির্বাহী অফিসার, আদিতমারী, লালমনিরহাট |
| বিষয় | : | এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী। |
| তারিখ ও সময় | : | ২৮-০৭-২০২৫ খ্রি. দুপুর : ১২.৪৫ ঘটিকা। |
| স্থান | : | উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, লালমনিরহাট |
| উপস্থিতি | : | পরিশিষ্ট-'ক' |

এনজিও বিষয়ক মাসিক সমন্বয় সভায় উপস্থিত এনজিও প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়। বিভিন্ন এনজিও এর কার্যক্রম সম্পর্কে বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্র. নং | এনজিও | কার্যক্রম | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১. | মায়ের তরী আদিতমারী | মায়ের তরী প্রতিনিধি সভায় জানান যে, জুলাই/২০২৫ মাসে ০৯ টি গুরুগৃহে মোট ৮১ টি সেশন অনুষ্ঠিত হয়। প্রতিটি গুরুগৃহে ৪৯ জন করে মোট ৪৪১ জন শিক্ষার্থী প্রতি ক্লাসে সংগীত শিক্ষা গ্রহণ করছে। | সামাজিক কর্মসূচির আওতায় সাধারণ মানুষকে অন্তর্ভুক্ত করতে হবে। | মায়ের তরী আদিতমারী |
| ০২. | আরডিআরএস বাংলাদেশ আদিতমারী। | সমন্বয়ক, আরডিআরএস, আদিতমারী সভায় জানান যে, ইউনিয়ন পর্যায়ে নিরাপদ প্রসব সেবা প্রদান করা হয়। | ইউনিয়ন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কেন্দ্র পরিচালিত স্বাস্থ্য সেবো অব্যাহত রাখতে হবে এবং নারীদেরকে নরমাল ডেলিভারিতে উৎসাহ প্রদানে কাজ করহে হবে। | আরডিআরএস বাংলাদেশ আদিতমারী। |
| ০৩. | ব্র্যাক আদিতমারী | ব্র্যাক, প্রতিনিধি সভায় জানান যে, শিক্ষা প্রকল্পের আওতায় প্রি প্রাইমার স্কুল চলমান রয়েছে। দক্ষতা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে। | সামাজিক কর্মসূচির আওতায় সাধারণ মানুষকে অন্তর্ভুক্ত করতে হবে। | ব্র্যাক, আদিতমারী |
| ০৪. | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি আদিতমারী | উপজেলা সমন্বয়কারী, মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি, আদিতমারী সভায় জানান যে, প্রবিশ প্রকল্পের আওতায় জলবায়ু পরিবর্তন জনিত অভিঘাত মোকাবিলায় অতি দরিদ্র মানুষের সক্ষমতা বৃদ্ধি করা হচ্ছে। | সামাজিক কর্মসূচির আওতায় সাধারণ মানুষকে অন্তর্ভুক্ত করতে হবে। | মহিদেব যুব সমাজ কল্যাণ সমিতি। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৫. | গণ উন্নয়ন কেন্দ্ (GUK) আদিতমারী | শাখা ইনচার্জ, গণ উন্নয়ন কেন্দ্র সভায় জানান যে, আদিতমারী উপজেলায় মাইক্রোক্রেডিট কার্যক্রম পরিচালিত হয়। সুবিধাভোগী ৫৯৫ জন ঋণী সদস্য ৫০৮ জন। এমাসে ৩৭ জনকে ৩২,৪০,০০০/- টাকা ঋণ প্রদান করা হয়েছে। | সামাজিক কর্মসূচির আওতায় সাধারণ মানুষকে অন্তর্ভুক্ত করতে হবে। | গণ উন্নয়ন কেন্দ্ (GUK) |
| ০৬. | ইএসডিও আদিতমারী | ইএসডিও, আদিতমারী এর প্রতিনিধি সভায় জানান যে, শিশুর ওজন ও উচ্চতা পরিমাপ ও স্বাস্থ্য সম্পর্কিত সেশন পরিচালনা করা হয়েছে। | স্বাস্থ্য সেবা প্রদান অব্যাহত রাখতে হবে। | ইএসডিও, আদিতমারী |
| ০৭. | বিবিধ | এনজিও মাসিক সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন, অগ্রগতি প্রতিবেদন প্রতি মাসের ৭ তারিখের মধ্যে প্রেরণ ও সভার আলোচ্য নতুন এজেন্ডা সভার পূর্বেই প্রেরণ এর জন্য আলোচনা করা হয়। সকল এনজিওকে সেবা প্রদানে আন্তরিক হতে হবে। সেবা গ্রহণকারী বা উপকারভোগীদের মধ্যে বাল্যবিবাহ ও মাদকদ্রব্য সেবন এর কুফলসমূহ আলোচনা করে সচেতন করতে হবে। | সভার সিদ্ধান্তসমূহ বাস্তবায়ন করতে হবে। | সকল এনজিও আদিতমারী। |

আলোচনা শেষে আদিতমারী উপজেলায় কর্মরত সকল এনজিও এর কার্যক্রম সুষ্ঠুভাবে পরিচালনা এবং সেবা প্রদানের কার্যক্রম অব্যাহত রাখার পরামর্শ প্রদানপূর্বক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(বিধান কান্তি হালদার)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট।
unoaditmari@mopa.gov.bd

স্মারক নং- ০৫.৪৭.৫২০২.০০০.০০১.০৯.০০০২.২৫ - ১০৫০(২৫)

তারিখঃ ১৩ শ্রাবণ ১৪৩২
২৮ জুলাই ২০২৫

অনুলিপি সদয় অবগতি/ অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো:

১. জেলা প্রশাসক, লালমনিরহাট।

২. -------------------------------------------আদিতমারী, লালমনিরহাট।

(বিধান কান্তি হালদার)
উপজেলা নির্বাহী অফিসার
আদিতমারী, লালমনিরহাট।
unoaditmari@mopa.gov.bd